ই - সংবাদ

স্বাধীনতা দিবস ঃ জিরানীয়ায় নানা কর্মসূচি

জিরানীয়া, ০৪ আগষ্ট ।। বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে আগামী ১৫ আগষ্ট জিরানীয়া মহকুমায় স্বাধীনতা দিবস উদযাপন করা হবে । এ উপলক্ষ্যে জিরানীয়া মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল মহকুমা শাসক কার্যালয়ের সভা কক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন মীরা ভট্টাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রদীপ দেবনাথ ও ভাইস চেয়ারপার্সন অমিতা দত্ত, জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দেবনাথ, মহকুমা শাসক বিম্বিসার ভট্টাচার্য, বিভিন্ন ব্লকের বি ডি ও গণ, দপ্তরের আধিকারিকগণ, শিক্ষক-শিক্ষিকাগণ সহ এলাকার বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন ।

সভার সিদ্ধান্ত অনুযায়ী মহকুমা ভিত্তিক স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হবে জিরানীয়া বীরেন্দ্রনগর বালক দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে । সেখানে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। তারপর অনুষ্ঠিত হবে মার্চপাষ্ট, যোগা, পিরামিড ও সাংস্কৃতিক অনুষ্ঠান । ঐদিন বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীদের দ্বারা পরিবেশিত হবে প্রভাত ফেরী । ঐদিন মহকুমার জিরানীয়া, ব্লক চৌমুহনী, কলেজ চৌমুহনী, মোহনপুর, পুরাতন আগরতলা, রাণীরবাজার ইত্যাদি এলাকাগুলিতে সাফাই অভিযান সংগঠিত হবে । ১৪ আগষ্ট জিরানীয়া অগ্নিবীণা টাউন হলে আয়োজিত হবে সুকান্ত জয়ন্তী । সেই সাথে আয়োজিত হবে শিশুদের মধ্যে বসে আঁকো, মহিলাদের আলপনা ও মিউজিক্যাল চেয়ার প্রতিযোগিতা । এছাড়া, পুরাতন আগরতলা হাবেলী শিশু পার্কের মুক্ত মঞ্চেও আয়োজিত হবে শিশুদের বসে আঁকো, মহিলাদের আলপনা ও মিউজিক্যাল চেয়ার প্রতিযোগিতা । শিশুদের বসে আঁকো প্রতিযোগিতা হবে মহকুমার চম্পকনগরস্থিত হারাধন সাহা স্মৃতি কমিউনিটি হলেও । এছাড়া, রাণীরবাজার বিদ্যামন্দির মাঠে আয়োজিত হবে ভলিবল প্রতিযোগিতা । মান্দাই, বেলবাড়ি ও পুরাতন আগরতলা ব্লকের উদ্যোগে স্ব স্ব ব্লক এলাকায় আয়োজিত হবে দড়ি টানাটানি প্রতিযোগিতা ।

অন্যদিকে জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র, মান্দাই, বোরাখা, রাণীরবাজার ও খুমুলুঙ প্রাথমিক চিকিৎসা কেন্দ্রের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে । এদিনই বিকালে অগ্নিবীণা হলে আয়োজিত হবে পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান । মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এই সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করবে ।

উৎসাহ উদ্দীপনায় দামছড়া ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

পানিসাগর, ০৪ আগষ্ট ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং দামছড়া ব্লকের সহযোগিতায় দামছড়া ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব গতকাল অনুষ্ঠিত হয় । দামছড়া টাউন হলে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন পানিসাগর মহকুমা শাসক শুভাশিস ভট্টাচার্য । অনুষ্ঠানে দামছড়া বি এ সিঞ্চর চেয়ারম্যান রেবামোহন রিয়াং, দামছড়া সাব জোনাল কমিটির চেয়ারম্যান গঙ্গারাম রিয়াং, ব্লকের বি ডি ও পিযুষ দেব, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা দেবাশিস নাথ প্রমুখ উপস্থিত ছিলেন । অতিথিগণ লোক সংস্কৃতি উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন । অনুষ্ঠানে ব্লকের ১৩টি ভিলেজ কমিটির নির্বাচিত শিল্পীরা জুম, হজাগিরি ইত্যাদি নৃত্য পরিবেশন করেন ।

স্বচ্ছ ভারত ঃ ১১ই বিলোনীয়ায় সাফাই অভিযান

বিলোনীয়া, ০৪ আগষ্ট ।। সপ্তাহ ব্যাপী স্বচ্ছ ভারত মিশন কর্মসূচির অঙ্গ হিসেবে আগামী ১১ আগষ্ট বিলোনীয়া মহকুমার প্রতিটি দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠান, শহর ও শহরতলী এলাকায় রাস্তাঘাট সাফাই করা হবে । এ উপলক্ষ্যে ২ আগষ্ট বিলোনীয়া মহকুমা শাসক কার্যালয়ে মহকুমা শাসক স্মীতা মলঞ্চর সভাপতিত্বে আয়োজিত এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন শুভ্রা মিত্র, বরিষ্ঠ তথ্য আধিকারিক মনোজ দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন ।

ঐদিন সকাল এগারোটা পনের মিনিট থেকে সাড়ে এগারোটা পর্যন্ত প্রতিটি সরকারী প্রতিষ্ঠান ক্লাব ও বেসরকারী প্রতিষ্ঠানে নিজ নিজ কর্মী ও সদস্যগণ সাফাই অভিযানে অংশ নেবেন । এছাড়া, স্বচ্ছ ভারত অভিযান সম্পর্কে শহর এলাকায় একটি সচেতনতামূলক র‍্যালী হবে । এতে বিভিন্ন দপ্তরের কর্মী, ক্লাব, এন জি ও, সাংস্কৃতিক সংস্থার কর্মী, মোটর শ্রমিকরা অংশ গ্রহণ করবে । শহরের বিভিন্ন জনবহুল এলাকায় ফ্ল্যাক্স টাঙিয়ে স্বচ্ছ ভারত অভিযানের উপর জনসচেতনতা বাড়ানোর কর্মসূচিও নেওয়া হয়েছে।

অনূর্ধ্ব-১৭ পশ্চিম জেলা ভিত্তিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা শুরু

আগরতলা, ০৪ আগষ্ট ।। আমতলী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে দুদিন ব্যাপী অনূর্ধ্ব-১৭ পশ্চিম জেলা ভিত্তিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা গতকাল থেকে শুরু হয়েছে । এতে সদর, মোহনপুর ও জিরানীয়া এই তিনটি মহকুমা থেকে খো-খো এবং কাবাডিতে ১৩২ জন খেলোয়াড় অংশ নেয় । যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতার উদ্বোধন করে বিধায়ক রাজ কুমার চৌধুরী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার সাথে সাথে নিয়মিত খেলাধুলা করার পরামর্শ দেন । তিনি বলেন, শরীর চর্চা ও খেলাধুলা ছাড়া শিক্ষা পূর্ণাঙ্গ হতে পারেনা । তাই ছাত্র-ছাত্রীদের নিয়মিত খেলাধূলা ও শরীর চর্চা করতে হবে । এছাড়া, বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য তপন কুমার দাস, ক্রীড়া আধিকারিক ভারতী নিগম এবং আমতলী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা অনিমা দেববর্মা । এ উপলক্ষ্যে আয়োজিত হয় বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডুকলী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রমিলা রায়(সরকার) । প্রতিযোগিতা শেষে পশ্চিম জেলা ভিত্তিক খো খো ও কাবাডি দল গঠন করা হবে । আগামী ৫ থেকে ৮ আগষ্ট ধর্মনগরের কদমতলায় রাজ্য ভিত্তিক খো-খো (বালক ও বালিকা) এবং ৫ থেকে ৮ আগষ্ট অমরপুরের করবুকে রাজ্য ভিত্তিক কাবাডি প্রতিযোগিতায় (বালক-বালিকা) বিজয়ী দলগুলি অংশ নেবে।

পুরাতন আগরতলা ও জিরানীয়া ব্লক এলাকায় লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

জিরানীয়া, ৪ আগষ্ট ।। পুরাতন আগরতলা ব্লকের পূর্ব নোয়াগাঁও গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব গত ১ আগষ্ট অনুষ্ঠিত হয়। গ্রাম পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত এই লোক সংস্কৃতি উৎসবের উদ্বোধন করেন পঞ্চায়েত প্রধান অর্চনা দেবনাথ। উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির সদস্য বিপুল সিংহ ও এলাকার অন্যান্য বিশিষ্ট জনেরা। লোক সংস্কৃতি উৎসবে এলাকার ৫টি সাংস্কৃতিক দলের ৩৫ জন শিল্পী অনুষ্ঠানে মনসা মঙ্গল, লোক সংগীত ইত্যাদি পরিবেশন করেন। দেবরাম ঠাকুর পাড়া ভিলেজেও লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়। সম্প্রতি ভিলেজ কমিটির অফিস প্রাঙ্গনে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন ভিলেজ চেয়ারম্যান ঝুমারাণী নোয়াতিয়া। উপস্থিত ছিলেন ভিলেজ কমিটির ভাইস চেয়ারম্যান খোকন মজুমদার সহ বিশিষ্ট জনেরা। ২৯ জন লোক শিল্পী অনুষ্ঠানে লোক সংগীত ও নৃত্য পরিবেশন করেন। এছাড়া, এই ব্লকের মেঘলিপাড়া ও তুলাকোনা গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসবও অনুষ্ঠিত হয়েছে।

এদিকে, জিরানীয়া ব্লকের উত্তর মজলিশপুর গ্রাম পঞ্চায়েতে সম্প্রতি লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়। পঞ্চায়েতের মুকুট কমিউনিটি হলে আয়োজিত এই লোক সংস্কৃতি উৎসবের উদ্বোধন করেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান কালীপদ চক্রবর্তী। উপস্থিত ছিলেন এলাকার বিশিষ্ট ব্যক্তিত্ব শান্তিময় চক্রবর্তী, পঞ্চায়েতের প্রধান ও উপ প্রধান সহ সদস্যগণ। এলাকার লোক শিল্পীরা অনুষ্ঠানে মনসা মঙ্গল, লোক সংগীত ও নৃত্য পরিবেশন করেন। ঐদিন ব্লকের শচীন্দ্র নগর গ্রাম পঞ্চায়েত ও পূর্ববড়জলা গ্রাম পঞ্চায়েতের লোক সংস্কৃতি উৎসব আয়োজিত হয় সংশ্লিষ্ট পঞ্চায়েতের সুকান্ত স্মৃতি কমিউনিটি হলে। এলাকার শিল্পীরা অনুষ্ঠানে সমবেত লোক নৃত্য ও লোক সংগীত পরিবেশন করেন। এই দুটি লোক সংস্কৃতি উৎসবের উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সঞ্জয় দাস।উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি বিজয় কর্মকার সহ সংশ্লিষ্ট পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধানগণ। এদিকে জিরানীয়া ব্লকের পশ্চিম বড়জলা এডিসি ভিলেজে সম্প্রতি ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে ভিলেজের ২০ জন উপজাতি লোকশিল্পী জাদুকলিজা ও গরিয়া নৃত্য পরিবেশন করেন। ভিলেজ কমিটি অফিস প্রাঙ্গনে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন ভিলেজ চেয়ারম্যান রনজিৎ দেববর্মা।

জিরানীয়ায় স্বাস্থ্য ও পুষ্টি দিবসের কর্মসূচি

জিরানীয়া, ৪ আগষ্ট ।। জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে আগামী ৬-১০ আগষ্ট মহকুমার বিভিন্ন অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য ও পুষ্টি দিবস আয়োজিত হবে। কর্মসূচি অনুযায়ী ৬ আগষ্ট শিবির হবে পূর্ব নোয়াগাঁও এর রাধানগর ২ নং অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ৭ আগষ্ট হবে রাধামোহনপুর ভিলেজের দশরাম বাড়ী, উত্তর জয়নগর ভিলেজের নন্দরাম ও চন্দ্র পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ৮ আগষ্ট শচীন্দ্রনগরের নতুনবাড়ী, পূর্ববড়জলার নোয়াবাদী ২ নং, জয়নগরের রুস্তম আলী এবং পশ্চিম নোয়াগাঁওয়ের কেপরাম পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ৯ আগষ্ট দক্ষিণ মজলিশপুর ও বর্ধমান ঠাকুর পাড়ার বেলাপুর অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ১০ আগষ্ট শিবির হবে পশ্চিম বড়জলার নারায়ণ বাড়ী, মধ্য বিশ্রামবাড়ী, উত্তর জয়নগরের কল্যাণঠাকুর পাড়া, রাধামোহনপুরের বীরচন্দ্র ঠাকুর পাড়া, পূর্বনোয়াগাঁওয়ের সাঁওতাল পাড়া, মজলিশপুরের রানীর গাঁও এবং বড়জলা বীনাপানির আনন্দমণি সাধুপাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। সংশ্লিষ্ট স্বাস্থ্য কেন্দ্রের পক্ষ থেকে এতথ্য জানানো হয়েছে।

মেলাঘর হাসপাতালে চক্ষু চিকিৎসা শিবির ৭ ও ৮ আগষ্ট

আগরতলা, ৪ আগষ্ট ।। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আগামী ৭ ও ৮ আগষ্ট মেলাঘর মহকুমা হাসপাতালে চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে চক্ষু রোগীদের চোখ পরীক্ষা করে ঔষধ দেওয়া হবে এবং প্রয়োজনবোধে মাইক্রোসার্জারী পদ্ধতিতে চোখের ছানি অপারেশন করা হবে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে এই শিবিরের সুযোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

সন্তোষমোহন দেবের প্রয়াণে মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা জ্ঞাপন

আগরতলা, ০২ আগষ্ট ।। প্রাক্তন সাংসদ ও প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সন্তোষমোহন দেবের প্রয়াণে মুখ্যমন্ত্রী মানিক সরকার তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, পশ্চিম ত্রিপুরা লোকসভা কেন্দ্রের প্রাক্তন সাংসদ ও প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সন্তোষমোহন দেবের প্রয়াণে তাঁর স্মৃতির প্রতি আন্তরিক শ্রদ্ধা নিবেদন করছি। প্রয়াত সন্তোষমোহন দেবের শোক- সন্তপ্ত পরিবার - পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।

আশারামবাড়ীতে মেগা প্রাণী চিকিৎসা শিবির অনুষ্ঠিত

খোয়াই, ০২ আগষ্ট ।। তুলাশিখর ব্লকের আশারামবাড়ী ভিলেজে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আজ মেগা প্রাণী চিকিৎসা শিবির এবং ভ্রাম্যমান প্রাণী চিকিৎসা পরিসেবা অনুষ্ঠান আয়োজিত হয়। প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী অঘোর দেববর্মা এর উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, প্রাণী পালকদের স্বার্থেই এই ধরণের কর্মসূচী নেয়া হয়েছে। এইরূপ প্রাণী চিকিৎসা শিবির এবং ভ্রাম্যমান প্রাণী চিকিৎসা পরিসেবায় যারা গবাদি পশু পাখী পালন করে থাকেন তারা উপকৃত হবেন। তিনি বলেন, প্রাণী পালনের মাধ্যমে আর্থিক দিক থেকে লাভবান হওয়া যায়। প্রাণী পালনের মাধ্যমে দরিদ্র পরিবারগুলিকে আর্থিক দিক থেকে স্বাবলম্বী করে তুলতে রাজ্য সরকার ও এ ডি সি প্রশাসন নানা কর্মসূচী হাতে নিয়েছে। প্রাণী পালকদের নানা ভাবে সহায়তা করা হচ্ছে।

অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা ডঃ মনোরঞ্জন সরকার। সভাপতিত্ব করেন আশারামবাড়ী ভিলেজ কমিটির ভাইস চেয়ারম্যান অমল তেলেঙ্গাঁনা। এই অনুষ্ঠানে ২০০টি গবাদি পশুকে প্রতিষেধক টিকা দেয়া হয়। এছাড়া, ১৭৭টি পশুর নানা চিকিৎসা করা হয়।

কৈলাসহরে স্বাধীনতা দিবসের প্রস্তুতি

কৈলাসহর, ০৩ আগষ্ট ।। বিভিন্ন কর্মসূচির মাধ্যমে কৈলাসহরে স্বাধীনতা দিবস উদযাপন করা হবে । এ দিনটি উদযাপন উপলক্ষ্যে গতকাল কৈলাসহর মহকুমা শাসকের কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় মহকুমা শাসক সুব্রত চৌধুরী, কৈলাসহর পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক হোমাগ্নি ভট্টাচার্য সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন । স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন, প্রভাতফেরী, আরক্ষা বাহিনীর কুচকাওয়াজ, আর জি এম ও ঊনকোটি জেলা হাসপাতালে ফল ও মিষ্টি বিতরণ, প্রীতি ফুটবল ম্যাচ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে ।

ঊনকোটি জেলায় অসংগঠিত শ্রমিক সহায়িকা প্রকল্পে নথিভুক্ত ১০,৬৭৩ জন

কৈলাসহর, ০৩ আগষ্ট ।। ঊনকোটি জেলায় চলতি(২০১৭) বছরের মেঞ্চ মাস পর্যন্ত অসংগঠিত শ্রমিক সহায়তা প্রকল্পের আওতায় ১০ হাজার ৬৭৩ জন শ্রমিকের নামে নথিভুক্ত হয়েছে । এরমধ্যে গৌরনগর ব্লকে ২৫১৩ জন, চন্ডীপুর ব্লকে ১৮১০ জন, কুমারঘাট ব্লকে ২৮৭৯ জন, পেঁচারথল ব্লকে ১২৬৮ জন, কৈলাসহর পুর পরিষদ এলাকায় ১৩১৭ জন ও কুমারঘাট পুর পরিষদ এলাকায় ৮৮৬ জন অসংগঠিত শ্রমিক এর আওতায় অন্তর্ভুক্ত হয়েছে । ঊনকোটি জেলা শ্রম কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে ।

জম্পুইজলা ব্লক ভিত্তিক বনমহোৎসব ৫ আগষ্ট

জম্পুইজলা, ০৩ আগষ্ট ।। আগামী ৫ আগষ্ট দুপুর ২টায় থেলাকুং এ ডি সি ভিলেজের আশ্রম আবাসিক বিদ্যালয়ে জম্পুইজলা ব্লক ভিত্তিক বনমহোৎসব উদযাপন করা হবে। বনমহোৎসবের উদ্বোধন করবেন বন ও গ্রামোন্নয়ন মন্ত্রী নরেশ জমাতিয়া । অনুষ্ঠানে অতিথি হিসেবে বিধায়ক নিরঞ্জন দেববর্মা, বিধায়ক কেশব দেববর্মা, এম ডি সি রমেন্দ্র দেববর্মা, এম ডি সি মায়ারাণী দেববর্মা, জম্পুইজলা মহকুমা শাসক এল ডার্লং, বন দপ্তরের ডি এফ ও পারেন্দ্র দেববর্মা প্রমুখ উপস্থিত থাকবেন । সভাপতিত্ব করবেন জম্পুইজলা বি এ সি-র চেয়ারম্যান এম ডি সি সন্তোষ দেববর্মা ।

সার্বিক স্বাস্থ্য বিধান ঃ গঙ্গানগর ব্লকে কর্মশালা অনুষ্ঠিত

আমবাসা, ৩ আগষ্ট ।। পরিবেশকে নির্মল রাখার লক্ষ্যে গতকাল সকালে গঙ্গানগর ব্লক কার্যালয়ের সভাগৃহে স্বচ্ছ ভারত মিশন সম্পর্কে এক ব্লক ভিত্তিক সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয় । কর্মশালায় গঙ্গানগর বি এ সির চেয়ারম্যান রবীন্দ্র ত্রিপুরা সভাপতিত্ব করেন । কর্মশালায় বিভিন্ন ভিলেজ কমিটির চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । পরিবেশের ভারসাম্য রক্ষা করার জন্য সার্বিক স্বাস্থ্য বিধি, স্বচ্ছ ভারত মিশন প্রকল্পের মাধ্যমে নির্মিত বিজ্ঞান সম্মত শৌচাগার ব্যবহার, ভিলেজ স্তরের প্রচার অভিযানের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করার উপর গুরুত্ব আরোপ করে আলোচনা করেন গঙ্গানগর বি এ সির চেয়ারম্যান রবীন্দ্র ত্রিপুরা, গঙ্গানগর ব্লকের বি ডি ও সুশান্ত দেববর্মা, স্বচ্ছ ভারত মিশন প্রকল্পের জেলা সদস্য সচিব হীরণময় চাকমা, স্বচ্ছ ভারত মিশন প্রকল্পের জেলা প্রেরক উপাশনা নেজি প্রমুখ ।

কর্ণমনি পাড়ায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন

আমবাসা, ৩ আগষ্ট ।। গঙ্গানগর ব্লকের কর্ণমনিপাড়া এ ডি সি ভিলেজ কমিটির উদ্যোগে চলতি অর্থ বছরে এম জি এন রেগায় ভিলেজের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ৪টি রাস্তা নির্মাণের কাজ চলছে । এতে ৭৭৭৬ শ্রম দিবসের সুযোগ সৃষ্টি হবে এবং ১৩ লক্ষ ৮০ হাজার ৫৫২ টাকা ব্যয় হবে । সংশ্লিষ্ট ভিলেজ কমিটি কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে ।

ভারতচন্দ্রনগর ব্লক ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব সম্পন্ন

বিলোনীয়া, ৩ আগষ্ট ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং ভারতচন্দ্রনগর পঞ্চায়েত সমিতির সহায়তায় গতকাল বিকালে কদমতলা বাজার মুক্ত মঞ্চে ভারতচন্দ্রনগর ব্লক ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । প্রদীপ জ্বালিয়ে এই উৎসবের সূচনা করেন বিধানসভার মুখ্য সচেতক বাসুদেব মজুমদার । তিনি আমাদের নিজস্ব কৃষ্টি- সংস্কৃতি বিকাশে আরও বেশী মানুষকে উদ্বুদ্ধ করার আহ্বান জানান। অনুষ্ঠানে কদমতলা ব্লকের বি ডি ও সুব্রত ভট্টাচার্য উপস্থিত ছিলেন। স্বাগত ভাষণ দেন এস আই ও মনোজ দেববর্মা ।সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নির্মল ভৌমিক । অনুষ্ঠানে ১৩টি পঞ্চায়েত ও ভিলেজের ২৪০ জন শিল্পী অংশ গ্রহণ করেন । অনুষ্ঠান শেষে প্রবীণ লোক শিল্পী জওহর চক্রবর্তী ও গগন ত্রিপুরাকে সংবর্ধনা দেওয়া হয় ।

ধলাইয়ে মাছ চাষে সহায়তা

আমবাসা, ৩ আগষ্ট ।। ধলাই জেলা মৎস্য কার্যালয়ের উদ্যোগে ও ধলাই জিলা পরিষদের আর্থিক সহায়তায় জেলার ৪০ জন সুবিধাভোগীকে শিং এবং মাগুর মাছ চাষে সহায়তা দেওয়া হবে । সুবিধাভোগীদের মাছের পোনা, খাদ্য, চুন, খইল, ঔষধ ইত্যাদি সরবরাহ করতে ব্যয় হবে ৪ লক্ষ টাকা । ধলাই জেলা মৎস্য কার্যালয়ের আধিকারিক এই সংবাদ জানিয়েছেন।

প্রকাশিত সংবাদের স্পাষ্টিকরণ

আগরতলা, ১ আগষ্ট ।। ২৯শে জুলাই ২০১৭ ইং তারিখে স্যন্দন পত্রিকায় প্রকাশিত নাম গোত্রহীন কলেজ ব্যাঙ্গালুরুতে নার্সিং পড়তে গিয়ে বিপাকে রাজ্যের ছাত্রছাত্রীরা শিরোনামে প্রকাশিত সংবাদটি ত্রিপুরা সরকারের উপজাতি কল্যাণ দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। উক্ত সংবাদের পরিপ্রেক্ষিতে উপজাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে সকলের অবগতির জন্য জানানো হয়েছে উপজাতি কল্যাণ দপ্তর, ও বি সি কল্যাণ দপ্তর, ধর্মীয় সংখ্যালঘু কল্যাণ দপ্তর এবং তপশিলী জাতি কল্যাণ দপ্তর থেকে সরকারী ভাবে ছাত্রছাত্রীদের ২০১৫-১৬ সাল থেকে বহির্রাজ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে নার্সিং কোর্সে ট্রেনিং-এর জন্য পাঠানোর আগে উপজাতি কল্যাণ দপ্তর, স্বাস্থ্য দপ্তর এবং ত্রিপুরা নার্সিং কাউন্সিলের প্রতিনিধি সহ একটি উচ্চ পর্যায়ের কমিটি প্রতিষ্ঠানগুলি পরিদর্শন করে সরেজমিনে তদন্তক্রমে কাগজপত্র যাচাই করে ও এরপর ছাত্রছাত্রীদের ঐ সব প্রতিষ্ঠানে ভর্তি করানো হয়েছে এবং সমস্ত প্রতিষ্ঠানগুলিই আই এন সি, স্টেট নার্সিং কাউন্সিল ও ইউনিভার্সিটির অনুমোদন প্রাপ্ত। প্রকাশিত সংবাদটি সম্পূর্ণ ভিত্তিহীন এবং প্ররোচনা মূলক। উপজাতি কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

নারীমঙ্গল উচ্চ বিদ্যালয়ে বনমহোৎসব উদযাপিত

বিশালগড়, ১ আগষ্ট ।। বিশালগড় নারীমঙ্গল উচ্চ বিদ্যালয়ে গতকাল বনমহোৎসব উদযাপন করা হয়। সংশ্লিষ্ট বিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বনমহোৎসবের তাৎপর্য ও গুরুত্ব নিয়ে বক্তব্য রাখেন সিপাহীজলা জেলা শিক্ষা আধিকারিক হাবুল লোধ, অন্যান্যদের মধ্যে ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে সচেতনতামূলক বক্তব্য রাখেন বিশালগড় বিদ্যালয় পরিদর্শক আগনকুমার ত্রিপুরা, শিক্ষক মিঠুন রায় প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নারীমঙ্গল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ঝর্ণা দেববর্মা। এই উপলক্ষ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। বনমহোৎসব উপলক্ষ্যে বিদ্যালয়ের ছাত্রছাত্রী সহ অতিথিরা বিদ্যালয় চত্বরে বিভিন্ন প্রজাতির বৃক্ষ রোপণ করেন।

কিল্লায় স্বাস্থ্য শিবিরের কর্মসূচী

উদয়পুর, ১ আগষ্ট ।। কিল্লা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে চলতি মাসে কিল্লার বিভিন্ন স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। কর্মসূচী অনুযায়ী আগামী ৪ আগষ্ট দক্ষিণ বড়মুড়া ভিলেজের বামপাই বাড়িতে, ৭ আগষ্ট এস বি নগর ভিলেজের পবিত্ররাম বাড়িতে, ৮ আগষ্ট দার্জিলিং বাড়ি ভিলেজের খুম বাড়িতে ও উত্তর বড়মুড়া ভিলেজের আগাসাইমারুয়ায়, ১১ আগষ্ট উত্তর ব্রজেন্দ্র নগর ভিলেজের উত্তর সাইমারুয়া, ১৮ আগষ্ট উত্তর ব্রজেন্দ্র নগর ভিলেজের উত্তর হারে বাড়িতে, দক্ষিণ বড়মুড়া ভিলেজের ছনখলাতে ও উত্তর বড়মুড়া ভিলেজের লাইলাক ১নং এ, ২১ আগষ্ট দক্ষিণ বড়মুড়া ভিলেজের পুস্করিনীতে, ২২ আগষ্ট উত্তর বড়মুড়া ভিলেজের লুথুর বাড়িতে, ২৩ আগষ্ট রাইয়া বাড়ি ভিলেজের মঙ্গল হরিতে এবং ২৫ আগষ্ট স্বাস্থ্য শিবির হবে দার্জিলিং ভিলেজের দার্জিলিং বাড়িতে ও দক্ষিণ বড়মুড়া ভিলেজের কলসীবাড়িতে। সংশ্লিষ্ট এলাকার জনগণকে স্বাস্থ্য শিবিরের সুযোগ গ্রহন করার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে।

মহিলাদের প্রতি পুলিশকে বিশেষ ভাবে সংবেদনশীল হতে হবে ঃ মুখ্যমন্ত্রী

আগরতলা, ১ আগষ্ট ।। শুধু - শান্তি ও সম্প্রীতি রক্ষার ক্ষেত্রেই নয়, রাজ্যের উন্নয়নমূলক কাজের ধারা যাতে ব্যাহত না হয় সেক্ষেত্রেও পুলিশকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। এই দায়িত্ব পালন করতে গিয়ে শুধু আইন ও ক্ষমতা প্রয়োগেই নয়, পরিবর্তে বুদ্ধি প্রয়োগ করে সততা ও স্বচ্ছতা বজায় রাখারও পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী মানিক সরকার। আজ কে টি ডি সিং পুলিশ ট্রেনিং একাডেমীতে দ্বিতীয় ব্যাচ ক্যাডেট সাব ইনস্পেকটারদের পাসিং আউট প্যারেড-এর উদ্বোধন করে তিনি বলেন, ক্যাডেট সাব ইনস্পেকটারদের কর্মক্ষেত্রে যোগদানের পর দরকার হবে দৃঢ়তা, একাগ্রতা ও সাহসের। যার মাধ্যমে তারা তাদের গতানুগতিক দায়িত্বের বাইরেও বহুদুর এগিয়ে যেতে পারবেন। দায়িত্ব পালনের সময় তাদেরকে মহিলাদের প্রতি বিশেষ সংবেদনশীল হওয়ার পরামর্শ দেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে বিধায়ক হরিচরণ সরকার, মুখ্য সচিব সঞ্জীব রঞ্জন, রাজ্য পুলিশের মহানির্দেশক এ কে শুক্লা সহ পুলিশ প্রশাসনের অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন। আজকের পাসিং আউট প্যারেডে-২২ জন মহিলা সহ মোট ৬৯ জন ক্যাডেট সাব ইনস্পেকটার অংশ গ্রহণ করেন। এই ক্যাডেট সাব ইনস্পেকটারদের প্রশিক্ষণ শুরু হয়েছিল ২০১৬ সালের ১৮ জুলাই। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন পুলিশের মহানির্দেশক এ কে শুক্লা। প্রশিক্ষণ চলাকালীন ইনডোর ও আউটডোর কার্যকলাপে এবং অলরাউন্ড প্রশিক্ষণে উৎকর্ষতা প্রদর্শণের জন্য সেরার পুরস্কার লাভ করেন ক্যাডেট সাব ইনস্পেকটার রঞ্জিত দাস, সহ্য ক্ষমতা ও সহনশীলতার জন্য পুরস্কার লাভ করেন রাকেশ দেবনাথ, ফায়ারিংএ সেরা নির্বাচিত হন সুজিত সরকার এবং শৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে সেরা নির্বাচিত হন নবীন জমাতিয়া। তাদের হাতে পুরস্কার তুলে দেন মুখ্যমন্ত্রী মানিক সরকার। এই উপলক্ষে মুখ্যমন্ত্রী একটি স্মরণিকাও প্রকাশ করেন।

রাজনগরে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

সাব্রুম, ১ আগষ্ট ।। সাব্রুম মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ২৯ জুলাই পোয়াংবাড়ি ব্লকের রাজনগর কমিউনিটি হলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে দক্ষিণ জেলার জেলা শাসক সি কে জমাতিয়া, সাব্রুমের মহকুমা শাসক বিপ্লব দাস, পোয়াংবাড়ি ব্লকের বি ডি ও রাজু দেব সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এলাকার উন্নয়ন নিয়ে স্থানীয় জনগণের সঙ্গে মত বিনিময় সভা করেন। রাজনগর পঞ্চায়েতের প্রধান স্বপ্না মজুমদার, মাধবনগর পঞ্চায়েতের প্রধান বাদল চৌধুরী মত বিনিময় সভায় এলাকার স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে কথা বলেন। মহকুমা প্রশাসন থেকে শিবিরে ১২৭ জনকে এস সি, ১৫৩ জনকে পি আর টি সি, ৩১ জনকে ও বি সি, ১৬ জনকে ইনকাম, ৩টি দম্পতিকে বিবাহ নথিভুক্তিকরণ সার্টিফিকেট দেওয়া হয়। ১০৫ জনকে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে অষুধ দেয়া হয় স্বাস্থ্য দপ্তর থেকে।